রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বৃহস্পতিবার, মে ২২, ২০১৪**

**নির্বাচন কমিশন**
**বাংলাদেশ**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৬ জ্যৈষ্ঠ, ১৪২১ বঙ্গাব্দ/২০ মে, ২০১৪ খ্রিস্টাব্দ

**এস. আর. ও নং ৮১-আইন/২০১৪**—ভোটার তালিকা আইন, ২০০৯ (২০০৯ সনের ৬ নং আইন) এর ধারা ১৬ তে প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন "ভোটার তালিকা বিধিমালা, ২০১২" এর নিম্নরূপ সংশোধন করিল, যথা ঃ—

উপরি-উক্ত বিধিমালার—

(ক) বিধি ২৬ এর উপ-বিধি (৭) ও (৮) এর পরিবর্তে যথাক্রমে নিম্নরূপ উপ-বিধি (৭), (৮), (৯) ও (১০) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"(৭) কোন ব্যক্তি, বাসস্থান পরিবর্তনের কারণে, একই নির্বাচনী এলাকার বিদ্যমান কোন ভোটার এলাকার ভোটার তালিকা হইতে ভিন্ন কোন ভোটার এলাকার ভোটার তালিকায়, অথবা ভিন্ন কোন নির্বাচনী এলাকার ভোটার তালিকায়, নাম স্থানান্তর করিতে আগ্রহী হইলে, তাহাকে ফরম ১৩ পূরণ করিয়া, যে এলাকার ভোটার তালিকায় নাম স্থানান্তর করিতে আগ্রহী, সেই এলাকার সংশ্লিষ্ট উপজেলা বা থানা নির্বাচন কর্মকর্তার বরাবরে আবেদন করিতে হইবে।

(৮) উপ-বিধি (৭) এর অধীন আবেদন প্রাপ্ত হইবার পর সংশ্লিষ্ট উপজেলা বা থানা নির্বাচন কর্মকর্তা আবেদনকারীকে যথাযথ শুনানীর সুযোগ প্রদান করতঃ শুনানীতে সন্তুষ্ট হইলে, উক্ত ব্যক্তির নাম সংশ্লিষ্ট ভোটার তালিকায় অন্তর্ভুক্তির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন।

(৯) কোন ব্যক্তি ভোটার তালিকায় অন্তর্ভুক্ত তদ্সংশ্লিষ্ট কোন তথ্যের ভুল সংশোধনের বা হালনাগাদের জন্য ফরম-১৪ অনুযায়ী সংশ্লিষ্ট রেজিস্ট্রেশন অফিসারের নিকট আবেদন করিতে পারিবেন।

(১০) উপ-বিধি (৯) এর অধীন কোন আবেদন প্রাপ্ত হইলে সংশ্লিষ্ট রেজিস্ট্রেশন অফিসার আবেদনকারীকে যথাযত শুনানীর সুযোগ প্রদান করতঃ শুনানীতে সন্তুষ্ট হইলে, উক্ত আবেদন অনুযায়ী সংশ্লিষ্ট তথ্য সংশোধনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন।";

(খ) বিধি ৩১ এর উপ-বিধি (২) এ উল্লিখিত "উপ-ধারা" শব্দের পরিবর্তে "উপ-বিধি" শব্দ প্রতিস্থাপিত হইবে;



**মূল্য ঃ** টাকা ৮.০০

(গ) "নিবন্ধন ফরম (ফরম-২)" এর ক্রমিক নং ২৪ এ উল্লিখিত ওয়ার্ড নম্বরঃ.............. এর পরে "মৌজা.............গ্রাম/মহল্লা/রাস্তার নাম ও নম্বর..........................." শব্দসমূহ সংযোজিত হইবে;

(ঘ) "নিবন্ধন ফরম (ফরম-২)" এর ক্রমিক নং ৩৩ এ উল্লিখিত "আমি বাংলাদেশের নাগরিক এবং ক্রমিক নং ১-৩২ পর্যন্ত তথ্য আমার জ্ঞান ও বিশ্বাস মতে সম্পূর্ণ সত্য।" শব্দগুলি, সংখ্যাগুলি এবং হাইফেন ও দাঁড়ি চিহ্নের পরিবর্তে "আমি শপথ করিয়া বলিতেছি যে, আমি বাংলাদেশের নাগরিক এবং এই ফরমে বর্ণিত তথ্যাদি আমার জ্ঞান ও বিশ্বাস মতে সম্পূর্ণ সত্য। আমি বর্ণিত ভোটার এলাকা ব্যতীত অন্য কোন ভোটার এলাকার ভোটার তালিকায় আমার নাম অন্তর্ভুক্তির জন্য এই ফরম ব্যতীত অন্য কোন ফরম পূরণ করি নাই।" শব্দগুলি, কমা ও দাঁড়ি চিহ্নগুলি প্রতিস্থাপিত হইবে;

(ঙ) "ফরম-১৩" এর পরিবর্তে নিম্নরূপ "ফরম-১৩" প্রতিস্থাপিত হইবে, যথা:—

**"ফরম-১৩**

[বিধি ২৬(৭) দ্রষ্টব্য]

**এক ভোটার এলাকার ভোটার তালিকা হইতে অন্য ভোটার এলাকার ভোটার তালিকায় নাম স্থানান্তরের আবেদন।**

প্রাপক:

উপজেলা/থানা নির্বাচন কর্মকর্তা

উপজেলা/থানা.....................

জেলা...............................

১। আবেদনকারীর নাম: ..........................................................................

২। জাতীয় পরিচয়পত্র নম্বর (NID) : ..........................................................

(জাতীয় পরিচয়পত্রের ছায়ালিপি সংযুক্ত করিতে হইবে)

৩। জন্ম তারিখ : .......................................................................................

৪। বর্তমান ভোটার তালিকাভুক্তি সংক্রান্ত তথ্যাদি—

ভোটার নম্বর : ..........................................................................

ভোটার এলাকার নাম : ..................................ভোটার এলাকার নম্বর : ..............

উপজেলা/থানা : ................................................ জেলা : ........................

গ্রাম/সড়কের নাম ও নম্বর : ..................................বাসা/হোল্ডিং নম্বর : ..............

৫। যে ভোটার এলাকার ভোটার তালিকায় নাম স্থানান্তর করিতে ইচ্ছুক—

জেলা : .............................................উপজেলা/থানা : .............................

সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন/ক্যান্টনমেন্ট বোর্ড : .................ওয়ার্ড নম্বর : .....

ভোটার এলাকার নাম : ..................................... ভোটার এলাকার নম্বর : ..........

গ্রাম/সড়কের নাম ও নম্বর : .................................বাসা/হোল্ডিং নম্বর : ...............

টেলিফোন/মোবাইল ফোন নম্বর : ......................................................

ডাকঘর : .......................................... পোস্ট কোড : | | | | |

৬। ৫ নম্বর ক্রমিকে বর্ণিত ঠিকানায় যে সময় হইতে অবস্থান করিতেছেন : ...........................

৭। নাম স্থানান্তরের কারণ : ...........................................................................

৮। ৫ নম্বর ক্রমিকে বর্ণিত ঠিকানায় অবস্থানের সমর্থনে নিম্নের দলিলাদি সংযুক্ত করিতে হইবে :

(ক) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/ক্যান্টনমেন্ট বোর্ডের এক্সিকিউটিভ অফিসার/সিটি কর্পোরেশন বা পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র।

(খ) ইউটিলিটি বিলের অনুলিপি (যদি থাকে)

(গ) বাড়ী ভাড়া রশিদ/চৌকিদারী কর রশিদ/পৌরকর রশিদ/অন্যান্য

........................................

আবেদনকারীর স্বাক্ষর বা টিপসহি

আবেদনকারীকে সনাক্তকারীর স্বাক্ষর :

নাম : ..................................................

জাতীয় পরিচয়পত্র নম্বর : ............................

ঠিকানা : ...............................................

[কেবল অফিসের ব্যবহারের জন্য]

আবেদনকারী জনাব/বেগম................................................এর আবেদন ও দাখিলকৃত দলিলাদি পরীক্ষান্তে.....................ভোটার এলাকার জন্য প্রণীত ভোটার তালিকা হইতে তাহার নাম কর্তনপূর্বক................................... ভোটার এলাকার ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্ত করা হইল।

.........................

উপজেলা/থানা নির্বাচন কর্মকতা

প্রাপ্তিস্বীকার পত্র

জনাব/বেগম.................................................................এর আবেদন ফরম গৃহীত হইল।

আবেদন ফরম নম্বর...........................................................

........................

গ্রহণকারীর স্বাক্ষর";

(চ) "ফরম-১৪" এর পরিবর্তে নিম্নরূপ "ফরম-১৪" প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"ফরম-১৪

[বিধি ২৬ (৯) দ্রষ্টব্য]

**(ভোটার তালিকায় অন্তর্ভুক্ত তথ্য সংশোধনের আবেদন)**

| এখানে মূল জাতীয় পরিচয়পত্র সংযুক্ত করিতে হইবে |
|---|

বরাবর,

রেজিস্ট্রেশন অফিসার

উপজেলা/থানা................................

জেলা.........................................

(১) আবেদনকারীর নাম :...................................

(২) আবেদনকারীর জাতীয় পরিচয়পত্র নম্বর :

(৩) বিদ্যমান ও সংশোধনের জন্য প্রস্তাবিত তথ্যের বিবরণ :

| বিদ্যমান তথ্য | সংশোধনের/হালনাগাদের জন্য প্রস্তাবিত তথ্য | সংযুক্ত দলিলাদি |
|---|---|---|
| | | |
| | | |
| | | |

তারিখ : আবেদনকারীর স্বাক্ষর :

ঠিকানা :
মোবাইল ফোন নম্বর (যদি থাকে) :

(ক) দাখিলকৃত দলিলাদি পরীক্ষান্তে আবেদনকারীর আবেদন অনুযায়ী ভোটার তালিকায় অন্তর্ভুক্ত সংশ্লিষ্ট তথ্যাদি সংশোধন করা হইল ;

অথবা

(খ) নিম্নোক্ত কারণে আবেদনকারীর আবেদন নামঞ্জুর করা হইল, যথা :—

(............................................................................................)

রেজিস্ট্রেশন অফিসারের স্বাক্ষর ও সিল

..........................................................................................................................

প্রাপ্তিস্বীকার পত্র

আবেদনকারীর নাম :............................................জমা প্রদানের তারিখ :........................

জাতীয় পরিচয়পত্র নম্বর :.....................................পরবর্তী যোগাযোগের তারিখ :................

রেজিস্ট্রেশন অফিসারের স্বাক্ষর ও সিল"।

---

নির্বাচন কমিশনের আদেশক্রমে

**মোঃ সিরাজুল ইসলাম**
ভারপ্রাপ্ত সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd